

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৩, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ আশ্বিন ১৪১১/১৩ অক্টোবর ২০০৪

এস, এর, ও নং ২৯৬-আইন/২০০৪—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১৩-০৪-১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ৭৩-আইন/৯৯-শ্রকম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে, যাহা পরবর্তীতে অনধিক ৬(ছয়) মাস মেয়াদে ১০(দশ) বার বৃদ্ধি করা হইয়াছে এবং সর্বশেষ বৃদ্ধির মেয়াদ আগামী ১৩-১০-২০০৪ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু উক্ত বোর্ড ও কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান;

সেহেতু সরকার উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance আগামী ১৪-১০-২০০৪ হইতে (উক্ত তারিখসহ) আরও ৬ (ছয়) মাস প্রযোজ্য হইবে।

রট্টিপতির আদেশক্রমে

মোঃ আবু জাফর

যুগ্ম-সচিব (শ্রম)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৬৭৬৯)

মূল্য : টাকা ১০০